গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা

## প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ মে,২০০১ খৃঃ/০১ জ্যৈষ্ঠ, ১৪০৮ বঙ্গাব্দ

নং- সম/নিনি/১-১২/২০০০-৪৩ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত ২০ তম বিসিএস পরীক্ষা, ১৯৯৮-৯৯ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ১৭-১২-২০০০ খৃঃ / ০৩-০৯-১৪০৭ বঙ্গাব্দ তারিখের সুপারিশক্রমে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ১২ জন প্রার্থীকে বিসিএস প্রশাসন ক্যাডারের সংশ্লিষ্ট পদে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে টাকা ৪৩০০-১৮৫×৭-৫৫৯৫ - ইবি-১৯৫×১১-৭৭৪০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হইলঃ-

(ক) প্রাথমিকভাবে তাহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রতিষ্ঠানে সরকার নির্ধারিত বিষয়ের উপর অন্যূন ৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাহাকে তাহার চাকুরীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর যদি শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয় তাহা হইলে তাহাকে চাকুরীতে স্থায়ী করা হইবে;

(ঘ) তাহাকে দুই বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকালে যদি তাহাকে চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলিয়া বিবেচিত হয় তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ তাহাকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল এ্যাক্ট নং- ৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাহার জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উপরের শর্তাবলী তাহার নিকট গ্রহণযোগ্য হয় তাহা হইলে অত্র মন্ত্রণালয়ের নিঃপঃপ্রঃ অধিশাখা কর্তৃক নির্দেশিত কার্যালয়ে আগামী ২৮ শে মে,২০০১ খৃঃ / ১৪ জ্যৈষ্ঠ, ১৪০৮ বঙ্গাব্দ তারিখে যোগদানের জন্য তাহাকে অনুরোধ করা হইল। উক্ত তারিখে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগ পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। ক্যাডারের নাম ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)।
পদের নাম ঃ সহকারী কমিশনার ১২ জন।

| মেধানুসারে ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ৭৬ | ০৫৯১৫৮ | মোহাম্মদ আবুল হাশেম |
| ৭৯ | ০০৫৮৪৮ | সৈয়দা আমিনা ফাহমিন |
| ৮০ | ০০৯৯২১ | এম এম আরিফ পাশা |
| ৮২ | ০১৯৫৪০ | মোঃ হানীফ উদ্দীন |
| ৮৬ | ০০২৬০৭ | মোহাম্মদ বদরুল হক |
| ৯৬ | ০০৭৭২৫ | শামিম সুলতানা |
| ১৭২ | ০২৬২৬৩ | হাবিবুন্নাহার |
| ১৭৬ | ০৬৫৭৮৫ | মুহাম্মদ গোলামুর রহমান |
| ২২৬ | ০২১৩৫০ | মোঃ লাল হোসেন |
| ২২৭ | ০৬১৩৬৩ | মোছাঃ হাজেরা খাতুন |
| ২২৮ | ০৩৯৩২৮ | মোঃ মাসুম পাটওয়ারী |
| ২৩৯ | ০৪৫৬২৫ | শামীম আহম্মেদ |

৪। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( এ,এম,এম, আব্দুল মতিন ভূঁইয়া )
উপ-সচিব
ফোনঃ ৮৬৪৬৯৬।

চলমান পাতা/২

০১ জ্যৈষ্ঠ,১৪০৮
নং- সম/নবি/১-১২/২০০০- ৪৩ /১(৫০) তারিখঃ-----------------।
১৫ মে, ২০০১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।

৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল,বাংলাদেশ ,ঢাকা।

৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

৬। যুগ্ম-সচিব (নিঃপঃপ্রেঃ), সংস্থাপন মন্ত্রণালয়। বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১২ জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজ পত্র ২০ তম বিসিএস পরীক্ষা, ১৯৯৮-৯৯ এর মূল আবেদন পত্র, স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এতদসংগে প্রেরণ করা হইল নিয়োগকৃত প্রার্থীদের এই নিয়োগ পত্রের ৩ নং অনুচ্ছেদের সূত্রে প্রার্থীকে প্রার্থী কর্তৃক প্রদত্ত যোগাযোগের ঠিকানায় প্রাপ্তি স্বীকার পতসহ রেজিষ্ট্রিকৃত ডাকযোগে যোগদানের তারিখের বেশ পূর্বেই তাহার জন্য নির্ধারিত কার্যালয়ের নাম উল্লেখপূর্বক তাঁহাকে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ; যাহাতে প্রার্থী নির্দেশিত কার্যালয়ে আগামী ২৮ মে,২০০১ খৃঃ / ১৪ জ্যৈষ্ঠ, ১৪০৮ বঙ্গাব্দ তারিখে যোগদান করিতে পারেন।

৭। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়,পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও,ঢাকা। তাহার পত্র নং-বাসককস/শাখা-১/১ই/৯৮(কনফি)৭/২০০০-৬৪৭২ তারিখঃ ১৭-১২-২০০০ ইং/ ০৩-০৯-১৪০৭ বাং উল্লেখ্য।

৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর বাংলাদেশ সচিবালয় ,ঢাকা। তাঁহাকে এই নিয়োগের বিষয়টি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সকল গুরুত্বপূর্ণ জাতীয় দৈনিক পত্রিকায় জরুরী ভিত্তিতে প্রচারের ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করা হইল।

৯। উপ-সচিব (নব-নিয়োগ ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ),সংস্থাপন মন্ত্রণালয়।

১০। উপ-সচিব (সিআর/সিপি),সংস্থাপন মন্ত্রণালয়।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়,ঢাকা।

১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও,ঢাকা। তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মূদ্রণের জন্য অনুরোধ করা হইল এবং উক্ত গেজেটের ১০ কপি নিম্ন-স্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল ।

১৩। নিয়োগপ্রাপ্ত প্রত্যেক প্রার্থী (প্রার্থী কর্তৃক প্রদত্ত যোগাযোগের ঠিকানায় প্রেরিত)।

( জুয়েনা আজিজ )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৮৬২২৩৪৩।